06 APR 2016
তারিখ: ~~30 MAR 2010~~
পৃষ্ঠা: ১৩ কলাম: ৬

যুগান্তর

# সিরাজদিখানে স্কুল কক্ষে তালা দিয়ে প্রধান শিক্ষককে অবরুদ্ধ করল যুব ও ছাত্রলীগ নেতারা

**সিরাজদিখান (মুন্সীগঞ্জ) প্রতিনিধি**

বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির শিক্ষানুরাগী সদস্য পদে প্রস্তাব না করায় মুন্সীগঞ্জের সিরাজদিখানে একটি স্কুলের প্রধান শিক্ষককে কক্ষে তালা মেরে অবরুদ্ধ করে স্থানীয় যুবলীগ ও স্বেচ্ছাসেবক লীগের দুই নেতা ও তার দলবল। এ ঘটনায় বিক্ষুব্ধ ছাত্রছাত্রীরা ক্লাস বর্জন করেছে। মঙ্গলবার বেলা ১১টার দিকে উপজেলার শেখর নগর ইউনিয়নের রায় বাহাদুর শ্রীনাথ ইন্সটিটিউটে এ ঘটনা ঘটে।

ঘটনার সত্যতা স্বীকার করে অবরুদ্ধ প্রধান শিক্ষক বিশ্বনাথ তালুকদার জানান, মাস খানেক আগে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচন সম্পন্ন হয়। নতুন ম্যানেজিং কমিটি বিদ্যালয়ের শিক্ষানুরাগী (কো আপ) সদস্যের জন্য শেখর নগর বালিকা উচ্চ বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক রবিউল আউয়ালের নাম প্রস্তাব করে গত সোমবার ঢাকা শিক্ষাবোর্ডে প্রেরণ করে। এতে ক্ষুব্ধ হয়ে শেখর নগর ইউনিয়ন যুবলীগ সভাপতি আসিফ খন্দকার রিজু ও স্বেচ্ছাসেবক লীগ সভাপতি লেলিন খন্দকার মঙ্গলবার সকালে বিদ্যালয়ে এসে আমার সঙ্গে খারাপ ব্যবহার শুরু করে। এ সময় তারা দীলিপ দে নামে আমার এক স্টাফকে মারধর করে। এক পর্যায়ে তারা আমাকে একটি কক্ষে নিয়ে তালাবদ্ধ করে রাখে। পরে খবর পেয়ে ম্যানেজিং কমিটি ও স্থানীয় জনতার সহায়তায় আমাকে উদ্ধার করে। এ ঘটনায় বিক্ষুব্ধ ছাত্রছাত্রীরা ক্লাস বর্জন করে। জানা যায়, যুবলীগ নেতা রিজু বিদ্যালয় ম্যানেজিং কমিটির ওই পদের জন্য কোনো আবেদনও করেনি। শিক্ষক রবিউল আউয়াল আবেদন করায় অন্য কোনো প্রতিদ্বন্দ্বী না থাকায় সঙ্গত কারণেই তার নাম প্রস্তাব পাঠায় ম্যানেজিং কমিটি। এ ব্যাপারে ইউপি যুবলীগ সভাপতি আসিফ খন্দকার রিজু বলেন, প্রধান শিক্ষকের সঙ্গে একটু ভুল বোঝাবুঝি হয়েছিল। পরে তা মীমাংসা হয়ে গেছে। এ ব্যাপারে বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি আনোয়ার হোসেন বেলু বলেন, সব কিছুই বিধি মোতাবেক করা হয়েছে। কিন্তু গতকাল তারা যে ঘটনা ঘটিয়েছে তার জন্য আমরা আইনের আশ্রয় নেব।